# আফগানিস্তানের কাবুলে ভয়াবহ হামলা, প্রাণহানি ৭



সংগৃহীত ছবি

আফগানিস্তানের রাজধানী কাবুলে ভয়াবহ এক বিস্ফোরণে প্রাণহানির ঘটনা ঘটেছে। এতে এখন পর্যন্ত সাতজন নিহত হয়েছেন। এ ঘটনায় শিশুসহ আরও কয়েকজন আহত হয়েছেন বলে জানা গেছে।

মঙ্গলবার (২০ জানুয়ারি) শাহর-ই-নও এলাকার একটি চীনা রেস্তোরাঁয় এ বিস্ফোরণ ঘটে। এতে শিশুসহ অন্তত ১৩ জন আহত হন। নিহতদের মধ্যে একজন চীনা নাগরিক রয়েছেন। নগরীর ব্যস্ত এলাকায় সংঘটিত এই বিস্ফোরণে ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ঘটনাস্থলটি কাবুলের অন্যতম নিরাপদ এলাকা হিসেবে পরিচিত। এখানে বিদেশি কূটনীতিক, পর্যটক ও বিভিন্ন দেশের নাগরিকদের বসবাস রয়েছে। আশপাশে রয়েছে দূতাবাস, অফিস ভবন ও বাণিজ্যিক স্থাপনা।

বিস্ফোরণের কারণ এখনো নিশ্চিত নয়। তালেবানের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ঘটনার তদন্ত চলছে এবং বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা হবে।

LENS ASIA